



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা ঢাকা-১০০০।
www.badc.gov.bd
(সংস্থাপন বিভাগ, শৃঙ্খলা শাখা)



তারিখ: ০৬ কার্তিক ১৪২৮
১৯ অক্টোবর ২০২১

স্মারক নং-১২.০৬.০০০০.২০৩.২৭.১৬০.২০২১.৩০৪৬

বিষয়: সাময়িক বরখাস্ত সংক্রান্ত।


যেহেতু, আপনি জনাব মোহাম্মদ মনিরুল ইসলাম (০৩০১২৭), প্রাক্তন নির্বাহী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি, ফরিদপুর ও প্রাক্তন প্রকল্প পরিচালক “বৃহত্তর ফরিদপুর সেচ এলাকা উন্নয়ন (৪র্থ পর্যায়)” শীর্ষক প্রকল্প (ক্ষুদ্রসেচ বিভাগ, কৃষি ভবন, ঢাকায় যোগদানের আদেশপ্রাপ্ত)। কৃষি মন্ত্রণালয়ের পরিকল্পনা-৪ শাখার স্মারক নম্বর:১২.০০.০০০০.০৮৫.১৪.১৬৭.১৬ (অংশ-১)-৩২৮, তারিখ: ১২ অক্টোবর ২০২১ এর অফিস আদেশ মোতাবেক বিএডিসি কর্তৃক বাস্তবায়নাধীন “বৃহত্তর ফরিদপুর সেচ এলাকা উন্নয়ন (৪র্থ পর্যায়)” শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে জনাব পংকজ কর্মকার (০৩০০৯৭), তত্ত্বাবধায়ক প্রকৌশলী কে পদায়ন/বদলি করা হয়। আপনাকে ১৭ অক্টোবর ২০২১ তারিখ সকাল ১০:০০ ঘটিকার মধ্যে বর্তমানে নিয়োগকৃত প্রকল্প পরিচালক জনাব পংকজ কর্মকার (০৩০০৯৭), তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ক্ষুদ্রসেচ সার্কেল, বিএডিসি, কিশোরগঞ্জ এর নিকট প্রকল্পের দায়িত্বভার হস্তান্তর করে আপনাকে ক্ষুদ্রসেচ বিভাগ, কৃষি ভবন, ঢাকায় যোগদানের জন্য নির্দেশ প্রদান করা হয়। কিন্তু আপনি উপর্যুক্ত নির্দেশনা অমান্য করে অদ্যাবধি প্রকল্পের দায়িত্বভার হস্তান্তর করেননি এবং বদলি/পদায়নকৃত কর্মস্থলে যোগদানও করেন নাই। তাছাড়া আপনি উপর্যুক্ত কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে গত ১২ অক্টোবর ২০২১ তারিখ হতে নিজ কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। সংস্থার উর্ধ্বতন কর্তৃপক্ষ বারংবার আপনার দাপ্তরিক টেলিফোন ও মোবাইলে এবং ব্যক্তিগত মোবাইল ফোনে যোগাযোগ করার চেষ্টা করলেও আপনার সাথে যোগাযোগ করা সম্ভব হয়নি। ফলে উক্ত প্রকল্পের ই-জিপি প্রক্রিয়ায় আহবানকৃত টেন্ডারসমূহ প্রক্রিয়াকরণসহ সরকারের উন্নয়নমূলক কাজ বাস্তবায়নে ব্যাহত হচ্ছে।

০২। যেহেতু, আপনার এহেন আচরণ বিএডিসি কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৯০ অনুযায়ী ৩৯ (ক) (খ) এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী দায়িত্ব পালনে অবহেলা এবং অসদাচরণের শামিল যা শাস্তিযোগ্য অপরাধ।

০৩। সেহেতু, বিএডিসি কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৯০ এর প্রবিধি নম্বর- ৪৫(১) অনুযায়ী আপনাকে সংস্থার চাকুরী হতে সাময়িক বরখাস্ত করা হলো এবং ইহা অফিস আদেশ জারীর তারিখ হতে কার্যকর হবে।

০৪। জনাব মোহাম্মদ মনিরুল ইসলাম (০৩০১২৭), প্রাক্তন নির্বাহী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি, ফরিদপুর ও প্রাক্তন প্রকল্প পরিচালক “বৃহত্তর ফরিদপুর সেচ এলাকা উন্নয়ন (৪র্থ পর্যায়)” শীর্ষক প্রকল্প সাময়িক বরখাস্তকালীন প্রধান প্রকৌশলী, ক্ষুদ্রসেচ বিভাগ, কৃষি ভবন, ঢাকা দপ্তরে সংযুক্ত থাকবেন ও বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন এবং যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে কর্মস্থল ত্যাগ করতে পারবেন না।

০৫। এ বিষয়ে চেয়ারম্যান, বিএডিসি মহোদয়ের অনুমোদন রয়েছে।


(মোঃ আশরাফুজ্জামান)

সচিব

বিএডিসি, ঢাকা।

ফোন নম্বর: ২২৩৩৮৪৩৫৯

E-mail: secretary@badc.gov.bd

জনাব মোহাম্মদ মনিরুল ইসলাম (০৩০১২৭),
প্রাক্তন নির্বাহী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি, ফরিদপুর ও
প্রাক্তন প্রকল্প পরিচালক “বৃহত্তর ফরিদপুর সেচ এলাকা উন্নয়ন
(৪র্থ পর্যায়)” শীর্ষক প্রকল্প
(ক্ষুদ্রসেচ বিভাগ, কৃষি ভবন, ঢাকায় বদলির আদেশপ্রাপ্ত)।

[স্থায়ী ঠিকানা: পিতা: মোহাম্মদ আবদুল আজিজ, বাড়ী নম্বর: নতুন-
১১০, পুরাতন: ৬২, মাটিকাটা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬]

অনুলিপি (সদয় অবগতি ও কাযার্থে):

১. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা/ অর্থ/ ক্ষুদ্রসেচ/ বীজ ও উদ্যান), বিএডিসি, ঢাকা।
২.(সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর প্রধান), বিএডিসি, ঢাকা।
৩. প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/ নির্মাণ/ সওকা), বিএডিসি, ঢাকা।
৪. সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয় মহোদয় এর একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. চেয়ারম্যান মহোদয় এর একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
৬. আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, ফরিদপুর/.....।
৭. সহকারী হিসাব নিয়ন্ত্রক (ব্যক্তিগত দাবী/প্রভত/বীমা), বিএডিসি, ঢাকা।
৮. অফিস কপি/ ব্যক্তিগত নথি/ মাষ্টার ফাইল কপি।